দৈনিক ইত্তেফাক

MAR.

# টাকা ছাড়া প্রশংসাপত্র দেয়া হয় না দুপচাঁপিয়ার প্রাথমিক বিদ্যালয়ে

দুপচাঁচিয়া (বগুড়া) থেকে সংবাদদাতা ॥ দুপচাঁচিয়া উপজেলার প্রধান শিক্ষক পঞ্চম শ্রেণী থেকে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের টাকা ছাড়া প্রশংসা পত্র না দেয়ায় এলাকার বহু গরীব ছাত্র/ছাত্রী প্রশংসাপত্রের অভাবে হাই স্কুল ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে পারছে না।

দুপচাঁচিয়া উপজেলার জিয়ানগর গোবিন্দপুর, তালোড়া, চামরুল, গুনাহার ও দুপচাঁচিয়া সদর ইউনিয়নসহ ৬টি ইউনিয়নের রয়েছে ৬৪টি সরকারী ও ১২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়। বছরে প্রতি স্কুল থেকে গড়ে শতাধিক ছাত্র-ছাত্রী পঞ্চম শ্রেণী থেকে উত্তীর্ণ হয়। সরকারী বিধি অনুযায়ী হাইস্কুলগুলোতে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি হবার জন্য প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের প্রশংসাপত্র প্রয়োজন। তা না হলে কোন শিক্ষার্থী হাইস্কুলে ভর্তি হতে পারে না। এ সুযোগ গ্রহণ করে দুপচাঁচিয়া উপজেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ স্কুলভেদে প্রতি ছাত্র-ছাত্রীর কাছ থেকে ২০ টাকা থেকে ১৫০ টাকা পর্যন্ত প্রশংসাপত্রের জন্য বিনা রসিদে অর্থ গ্রহণ করে প্রশংসাপত্র প্রদান করছেন। ফলে এলাকার বেশ কিছু ছাত্র-ছাত্রী টাকার অভাবে প্রশংসাপত্র প্রাইমারী স্কুল থেকে তুলতে না পেরে জানুয়ারী মাসের মাঝামাঝি সময়েও হাইস্কুলে ভর্তি হতে পারেনি। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার জানান, প্রশংসাপত্র নেয়ার সময় ছাত্র-ছাত্রীদের নিকট থেকে টাকা গ্রহণের কোন বিধান নেই। এলাকার বেশ কিছু প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, পঞ্চম শ্রেণী থেকে ছাত্র-ছাত্রীরা স্কুল ছেড়ে চলে যাচ্ছে, তাই আমরা মিষ্টি খাবার জন্য কিছু নিয়ে থাকি।